দৈনিক জনকণ্ঠ

তারিখ NOV 28 1999
পৃষ্ঠা ৫ কলাম ৭

## শিক্ষার মান সংরক্ষণ আন্দোলনের মিছিল

শিক্ষার মান সংরক্ষণ ও নকল প্রতিরোধ আন্দোলনের উদ্যোগে সম্প্রতি রাজধানীতে একটি মৌন মিছিল বের হয়। দেশ ও জাতিকে শিক্ষা ক্ষেত্রের বিপর্যয় থেকে রক্ষা করার এই আন্দোলনে দলমত, জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সমাজের সর্বস্তরের মানুষেকে সম্পৃক্ত করে সামাজিক আন্দোলন গড়ে তোলাই এই মৌন মিছিলের লক্ষ্য। সংগঠনের আহ্বায়ক, সাবেক সংসদ সদস্য মিয়া আবদুল্লাহ ওয়াজেদ ও অন্যান্যের নেতৃত্বে মৌন মিছিলটি ৭/৩, ভগবতী ব্যানার্জী রোডস্থ (হাটখোলা) কার্যালয় থেকে বের হয়ে ইত্তেফাক মোড়, মতিঝিল, শাপলা চত্বর, পল্টন, জাতীয় প্রেসক্লাবে গিয়ে শেষ হয়। মৌন মিছিলে সমাজের সর্বস্তরের লোক অংশগ্রহণ করেন। সাবেক এমপি এ্যাডভোকেট দেলোয়ার হোসেন খান, এ্যাডভোকেট আলী আহম্মদ, এ্যাডভোকেট মিয়া সাদেকুর রহমান ও এ্যাডভোকেট কামরুজ্জামানের নেতৃত্বে বিপুলসংখ্যক আইনজীবী, সাংবাদিক কাজী আনোয়ারুল ইসলাম, আবদুল্লাহ ওয়াজেদ, মিনহাজুল ইসলাম, কুতুবউদ্দিন মালিক ও সাইফুল ইসলামের নেতৃত্বে সাংবাদিক ও সংবাদপত্র কর্মচারীবৃন্দ, নাহিদ আমিন ভূইয়া ও ইউসুফ আলীর নেতৃত্বে শ্রমিক নেতৃবৃন্দ, ডেমরা কলেজের অধ্যাপক শামীম সারোয়ারের নেতৃত্বে কয়েকজন অধ্যাপক, একেএম ফজলুল হকের নেতৃত্বে মুন্সীগঞ্জের শ্রীনগর থেকে সমাজের বিভিন্নস্তরের লোক মৌন মিছিলে যোগ দেন। আল হারামাইন ইসলামী এ্যাসোসিয়েশনের মাওলানা আব্দুস সাত্তার, অধ্যক্ষ মোঃ আলমগীর, মাওলানা আতাউর রহমান, আইনুল ইসলাম, মাওলানা সেলিম উদ্দিন প্রমুখ মিছিলে অংশ নেন। -বিজ্ঞপ্তি।